যুগান্তর

তারিখ: 2 3 FEB 2015
পৃষ্ঠা ২২ কলাম ৩৭

# শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করিয়ে বাউফলে ফের চিফ হুইপকে সংবর্ধনা

পটুয়াখালী প্রতিনিধি

শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করিয়ে পটুয়াখালীর বাউফলে সংবর্ধনা দেয়া হয়েছে জাতীয় সংসদের চিফ হুইপ ও স্থানীয় এমপি আ স ম ফিরোজকে। এ উপলক্ষে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদান কার্যক্রমও রোববার বন্ধ ছিল।

উপজেলার কাছিপাড়া আবদুর রশিদ মিয়া ডিগ্রি কলেজের পরিচালনা পরিষদের সভাপতি নির্বাচিত হওয়ায় আ স ম ফিরোজকে কলেজ মাঠে এ সংবর্ধনা দেয়া হয়। এতে সভাপতিত্ব করেন কলেজের শিক্ষক ও ইউনিয়ন আওয়ামী লীগ সভাপতি বাবুল আক্তার। এর আগে ২০১৪ সালের ৭ ফেব্রুয়ারি উপজেলা সদরের পাবলিক মাঠে বেশ ঘটা করেই চিফ হুইপকে গণসংবর্ধনা দেয়া হয়েছিল। তখনও বাউফল কলেজের সামনে শিক্ষার্থীদের দাঁড় করিয়ে রাখা হয়।

সকাল ১০টায় অনুষ্ঠান শুরু হওয়ার কথা থাকলেও চিফ হুইপের আগমনে দেরি হওয়ায় সকাল ১০টা থেকে বেলা পৌনে ১২টা পর্যন্ত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শত শত শিক্ষার্থীকে রাস্তার দুই পাশে কড়া রোদের মধ্যে দাঁড় করিয়ে রাখা হয়। কালিশুরী থেকে ওই কলেজ মাঠ পর্যন্ত সাড়ে ছয় কিলোমিটার সড়কে তৈরি করা হয় ১৯টি বিশাল তোরণ। তিনটি গরু জবাই করে ভোজের আয়োজন করা হয়। অনুষ্ঠানে ইউনিয়নের প্রাথমিক, মাধ্যমিক, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের উপস্থিত হতে বাধ্য করা হয়েছে বলে অভিযোগ উঠেছে। এ কারণে অন্তত পাঁচটি শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদান বন্ধ ছিল। তবে বাধ্য করার অভিযোগ অস্বীকার করেছেন স্থানীয় আওয়ামী লীগ নেতারা।